

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
মাঠ প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.minland.gov.bd

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৫৬.৬৮.২৩.২০.৯৮

তারিখ: ২৩ বৈশাখ ১৪২৮-বঙ্গাব্দ
০৬ মে ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: অনলাইন ভিত্তিক ভূমি উন্নয়ন কর আদায় এর জন্য ডাটা এন্ট্রির কার্যক্রম সংক্রান্ত।

উল্লিখিত বিষয়ে জানানো যাচ্ছে যে জনগণের ভূমি বিষয়ক সেবা প্রাপ্তি সহজীকরণ, ভূমি সেবা গ্রহীতাদের স্বল্প ব্যয়ে, স্বল্প সময়ে ও হরানিমুক্তভাবে সেবা প্রদানের লক্ষ্যে ভূমি সেবা অটোমেশনের অংশ হিসেবে অনলাইনে ভূমি উন্নয়ন কর আদায়ের লক্ষ্যে ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যারের ডাটা এন্ট্রি (২ নং রেজিস্টার) এর কার্যক্রম মাঠ পর্যায়ে চলমান আছে। এতদুদ্দেশ্যে একটি হোল্ডিং এর পূর্ণ ডাটা এন্ট্রির জন্য ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার জন্য ২৫(পঁচিশ) টাকা এবং নাগরিক যদি নিজে হোল্ডিংয়ের তথ্য দিয়ে অনলাইনে রেজিস্ট্রেশন করে তাহলে ডাটা এন্ট্রির জন্য ১৫(পনের) টাকা হারে ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা এর জন্য বরাদ্দ রাখা হয়েছে। এছাড়া ইউডিসিতে ডাটা এন্ট্রি করার ক্ষেত্রে প্রতি এন্ট্রির জন্য ডিজিটাল সেন্টারের উদ্যোগীদের ১০(দশ) টাকা ও বাকী কাজ করার জন্য ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাদের ১৫(পনের) টাকা হারে বরাদ্দ রাখা হয়েছে।

০২। বর্তমানে মাঠ পর্যায়ে ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যারে যে সকল মৌজার হোল্ডিং এর তথ্য আপলোড করা হচ্ছে সে সকল মৌজার ভূমি মালিকদের সরবরাহকৃত তথ্যে ব্যাপক গড়মিল পাওয়া যাচ্ছে।

০৩। এমতাবস্থায় মাঠ পর্যায়ে জটিলতা নিরসনের লক্ষ্যে পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত ডাটা এন্ট্রির কার্যক্রম স্থগিত রাখার জন্য অনুরোধ করা হলো।

০৪। এছাড়া ৩১ মে ২০২১ তারিখের মধ্যে সংশ্লিষ্ট ডাটা এন্ট্রির জন্য অর্থ বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রকল্প পরিচালক, ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প, কে অনুরোধ করা হল।

০৫। সকল সংশ্লিষ্ট নাগরিক যাতে স্বতঃপ্রণোদিত হয়ে তাদের নিজ নিজ হোল্ডিং তথা ২ নং রেজিস্টারে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পাদন করে এ ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে ব্যাপক প্রচার/ প্রচারণার ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

 ০৬/০৫/২০২১

(শাকিলা রহমান)

সিনিয়র সহকারী সচিব

ফোন+৮৮-০২-৯৫৫১৫২০

E-mail: fa2@minland.gov.bd

চেয়ারম্যান

ভূমি সংস্কার বোর্ড

ভূমি ভবন, ৯৮ শহীদ তাজউদ্দিন আহমেদ স্মরণি

তেজগাঁও, ঢাকা।


অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

০১। বিভাগীয় কমিশনার.....(সকল)।

০২। অতিরিক্ত সচিব (মাঠ প্রশাসন), ভূমি মন্ত্রণালয়।

০৩। প্রকল্প পরিচালক, ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প।

- ০৪। জেলা প্রশাসক.....((৩টি পার্বত্য জেলা ব্যতীত সকল)।
০৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
০৬। সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৭। উপজেলা নির্বাহী অফিসার.....(৩টি পার্বত্য জেলার সংশ্লিষ্ট উপজেলা ব্যতীত সকল)।
০৮। সহকারী কমিশনার (ভূমি).....(৩টি পার্বত্য জেলার সংশ্লিষ্ট উপজেলা ব্যতীত সকল)।
০৯। সহকারী প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয় (ওয়াবসাইটে আপলোডের অনুরোধসহ)।
১০। অফিস কপি।


০৬/০৬/২০২১
(শাকিলা রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন+৮৮-০২-৯৫৫১৫২০